

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
সমন্বয় শাখা



...

সভাপতি	শাকিলা জেরিন আহমেদ যুগ্মসচিব (সমন্বয় ও আদালত) ও শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।
সভার তারিখ	২৫ অক্টোবর ২০২০
সভার সময়	সকাল ১১.০০ ঘটিকায়
স্থান	শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সভাকক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট-ক

অধিদপ্তর/দপ্তরসমূহের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত ফিডব্যাক সভার শুরুর্তেই সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান। সভাপতি বলেন, রাষ্ট্রীয় জীবনে সুশাসন প্রতিষ্ঠায় শুদ্ধাচার চর্চা একটি অপরিহার্য কৌশল। মূলত নৈতিকতা ও সততা দ্বারা প্রভাবিত আচরণগত উৎকর্ষই হলো শুদ্ধাচার। শুদ্ধাচার প্রতিষ্ঠায় স্বচ্ছতা ও জবাবদিহিতা প্রতিষ্ঠা করা অত্যন্ত জরুরী। সভাপতির অনুমতিক্রমে শুদ্ধাচার বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও উপসচিব জনাব মোঃ মহিদুর রহমান, মন্ত্রণালয়ের আওতাধীন অধিদপ্তর/দপ্তরসমূহের ২০২০-২০২১ অর্থবছরের শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার ১ম কোয়ার্টারের (জুলাই-সেপ্টেম্বর, ২০২০) বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন। পর্যালোচনায় দেখা যায় দু'একটি ক্ষেত্র ব্যতীত ১ম কোয়ার্টারের লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। যে-সকল অধিদপ্তর/সংস্থাসমূহের তার কার্যক্রমের লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি সে সকল দপ্তর/সংস্থার কার্যক্রমসমূহ ২য় কোয়ার্টারে সম্পাদনে জন্য নির্দেশনা প্রদান করা হয়। সভায় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার প্রতিবেদন প্রেরণকালে যথাযথ প্রমাণক সংযোজনের নির্দেশনা প্রদান করা হয়। সভায় স্ব স্ব দপ্তর/সংস্থাসমূহের ওয়েবসাইট হালনাগাদকরণসহ সিটিজেন চার্টার বাস্তবায়ন, প্রশিক্ষণের বিষয়ে গুরুত্বারোপ করা হয়। সেই সঙ্গে আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়ের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য দিক-নির্দেশনা প্রদান করা হয়।

২। বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

- (ক) অধিদপ্তর/দপ্তরসমূহের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১-এর বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রতি কোয়ার্টারের পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে প্রমাণকসহ মন্ত্রণালয়ে প্রেরণ এবং আঞ্চলিক/মাঠপর্যায় কার্যালয়কে দপ্তর/সংস্থায় প্রেরণ করতে হবে;
- (খ) অধিদপ্তর/দপ্তরসমূহের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১-এর ১ম কোয়ার্টারের যেসব লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি তা ২য় কোয়ার্টারে সম্পন্ন করতে হবে।
- (গ) অধিদপ্তর/দপ্তরসমূহের সংশ্লিষ্ট সকলকে ওয়েবসাইটের সেবাবক্সসমূহ হালনাগাদকরণসহ সিটিজেন চার্টার/প্রকল্প বাস্তবায়নে যথাযথ কার্যক্রম গ্রহণ করতে হবে;
- (ঘ) অধিদপ্তর/দপ্তরসমূহে নির্দেশিকা মোতাবেক যথাযথভাবে সুশাসন ও চাকুরী বিধি সংক্রান্ত বিষয়াদি পৃথকভাবে প্রশিক্ষণ দিতে হবে;
- (ঙ) অধিদপ্তর/দপ্তরসমূহের আওতাধীন আঞ্চলিক/মাঠপর্যায়ের কার্যালয়ের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ বাস্তবায়নে প্রয়োজনীয় দিক-নির্দেশনা দিতে হবে এবং মনিটরিং করতে হবে।
- (চ) অধিদপ্তর/দপ্তরসমূহের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক শাখা/অধিশাখা ও জেলা অফিসসমূহ যথাসময়ে পরিদর্শন করতে হবে এবং পরিদর্শন প্রতিবেদনের সুপারিশসমূহ যথাযথ বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৩। পরিশেষে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ বাস্তবায়নে মন্ত্রণালয়ের আওতাধীন অধিদপ্তর/দপ্তরসমূহের দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হয় এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

শাকিলা জেরিন আহমেদ

যুগ্মসচিব (সমন্বয় ও আদালত) ও শুদ্ধাচার বিষয়ক ফোকাল
পয়েন্ট কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।

স্মারক নম্বর: ৪০.০০.০০০০.০১২.৩১.০০২.১৭.১২৯

তারিখ: ১৬ কার্তিক ১৪২৭

০১ নভেম্বর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন সকল অধিদপ্তর / দপ্তর / সংস্থার প্রধান, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।

২) উপসচিব, আদালত অধিশাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

মোহাম্মদ আহম্মেদ আলী

উপসচিব